দৈনিক ইত্তেফাক

তারিখ ... 14 DEC 1990 ...
পৃষ্ঠা... 2 ... কলাম ... ৬ ...

১

60

## বেসরকারী বিদ্যালয়ের ছাত্রী বেতন

অগ্রপশ্চাৎ চিন্তা না করিয়া গত জানুয়ারী মাস হইতে পৌরসভা বহির্ভূত এলাকার বেসরকারী বিদ্যালয়ের অষ্টম শ্রেণী পর্যন্ত ছাত্রীদের বেতন মওকুফ ঘোষণা করা হইয়াছে। বেসরকারী বিদ্যালয়গুলি যেখানে ছাত্র-ছাত্রীদের বেতনের উপর নির্ভরশীল, সেখানে ছাত্রী বেতন বাবদ বিদ্যালয়ে অর্থ বরাদ্দের ব্যবস্থা না করিয়া এইরূপ ঘোষণা দ্বারা বেসরকারী বিদ্যালয়গুলিকে চরম আর্থিক সংকটের মুখে নিপতিত করিয়াছেন। অর্থাভাবে বেতন বাকী পড়ায় শিক্ষকদের দুর্গতি বাড়িতেছে। বিদ্যালয়ে নিতান্ত প্রয়োজনীয় মেরামতের কাজ করা যাইতেছে না। বিদ্যালয়ের অচলাবস্থার কথা চিন্তা করিয়া ছাত্রীদের বেতন আদায় করিতে গেলে অভিভাবকগণ শিক্ষা মন্ত্রণালয়ের বেতন না নেওয়ার আদেশ দেখাইয়া বেতন দেওয়া বন্ধ রাখিয়াছেন।

এমতাবস্থায় ডিসেম্বর মাস শেষ হওয়ার পূর্বে বর্তমান বৎসরের ছাত্রী বেতন বাবদ পাওনা টাকা সরকার কর্তৃক পরিশোধ করিতে হইবে। সরকারের পক্ষে ছাত্রী বেতন প্রদান করা সম্ভব না হইলে পুনরায় বিদ্যালয় কর্তৃক ছাত্রী বেতন আদায়ের জন্য সরকারী আদেশ জারি করিতে হইবে। শিক্ষাক্ষেত্রে চরম অচলাবস্থা নিরসনের লক্ষ্যে বিষয়টির গুরুত্ব অনুধাবন করিয়া জানুয়ারী মাসে নতুন শিক্ষাবর্ষ শুরু হওয়ার পূর্বেই সরকার বিষয়টির মীমাংসা করিবেন বলিয়া আশা করি।

—আবদুল জাব্বার, সদস্য, ব্যবস্থাপনা কমিটি, ব্রাহ্মণগাঁও বহুমুখী উচ্চ বিদ্যালয়।